



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



পিআর ৮৪/২১

তারিখঃ ২৩ অগ্রহায়ন, ১৪২৮ বঙ্গাব্দ  
০৮ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসারুল্লাহ বাংলা টিম” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে গত ০৭ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ ১৭.০০ ঘটিকার সময় বিশেষ অভিযান চালিয়ে কুড়িল বিশ্বরোড এলাকা হতে “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর ০১ (এক) সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- মোঃ আকরামুজ্জামান @Abu Asem Al Mahdi (২১), পিতা- মোঃ আবুল হোসেন, মাতা- পারভিন আক্তার, স্থায়ী ঠিকানা- গ্রাম-সোনাপাড়া, পোস্ট- বাইল্লাতলী, থানা- কলাপাড়া, জেলা-পটুয়াখালী। বর্তমান ঠিকানা- গ্রাম- পবনার পাড়, ইউনিয়ন- কুশলা, থানা- কোটালীপাড়া, জেলা- গোপালগঞ্জ। সে জামিয়া আশরাফিয়া আরাবিয়া মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা থেকে দাওরাহ পাশ করেছে। গ্রেফতারকালে তার নিকট থেকে ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত মোঃ আকরামুজ্জামান “গাজওয়াতুল হিন্দ” প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে উগ্রবাদ প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। তাছাড়া সে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্র ও সরকার বিরোধী এবং ধর্মীয় উস্কানিমূলক ও উগ্রবাদী বিভিন্ন পোস্ট ও বক্তব্য দিয়ে আসছিল। তাছাড়া নিজেদের মতবাদ প্রচারের মাধ্যমে অনলাইনে “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর পক্ষে সদস্য সংগ্রহের কাজ করে আসছিল। এছাড়াও গ্রেফতারকৃত আকরামুজ্জামান উগ্রবাদী বিভিন্ন বই ও বক্তৃতা অনলাইনে পোস্ট করে অগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল।

গ্রেফতারকৃত মোঃ আকরামুজ্জামান মানিকগঞ্জ, শিবালয় থানার মামলা নং-১৫, তাং-১৮/১০/২০২১খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৭(৩)/৮/৯(৩)/১০/১২/১৩ ধারা এর এজাহারভুক্ত পলাতক আসামী। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

*Abu*

০৮/১০/২০২১

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারেনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)